দৈনিক ইত্তেফাক

তারিখ 23 JUN 2008

পৃঃ ১৬ কঃ ৬

# এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীরা ২০% মহার্ঘ ভাতা পাচ্ছেন

## আন্দোলন কর্মসূচি প্রত্যাহার

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মতো অনুদানপ্রাপ্ত (এমপিও) শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের ২০ শতাংশ মহার্ঘ ভাতা দেয়ার আশ্বাস দিয়েছেন অর্থ উপদেষ্টা ড. এবি মির্জ্জা আজিজুল ইসলাম। গতকাল রবিবার জাতীয় শিক্ষক-কর্মচারি ফ্রন্ট নেতৃবৃন্দ সাক্ষাৎ করতে গেলে অর্থ উপদেষ্টা এই আশ্বাস দেন। এই আশ্বাসের ভিত্তিতে ফন্ট্রের নেতৃবৃন্দ ঘোষিত আন্দোলনের কর্মসূচি প্রত্যাহারের ঘোষণা দিয়েছেন। পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত বৈঠকে জাতীয় শিক্ষক কর্মচারি ফ্রন্টের নেতৃত্ব দেন এর সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ।

অর্থ উপদেষ্টা বলেন, প্রস্তাবিত বাজেটে সরকারী কর্মকর্তা-কর্মচারিদের ২০ শতাংশ মহার্ঘ ভাতা দেয়ার ঘোষণা দেয়া হয়েছিল। কিন্তু এমপিওভুক্ত বেসরকারি স্কুল ও কলেজের শিক্ষক-কর্মচারিদের (১৫শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## এমপিওভুক্ত শিক্ষক

(১৬শ পৃঃ পর)

বিষয়ে কোন ঘোষণা না থাকায় বিভ্রান্তি দেখা দেয়। তবে সরকারি শিক্ষক-কর্মচারিদের মতো এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারিরাও এই মহার্ঘ ভাতা পাবেন।

অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ সাংবাদিকদের বলেন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণে বেসরকারী শিক্ষক-কর্মচারিদের জন্য ২০ শতাংশ মহার্ঘ ভাতা দাবি করেছিলাম। অর্থ উপদেষ্টা এই ব্যাপারে ইতিবাচক সাড়া দেয়ায় মানববন্ধনসহ সব কর্মসূচি প্রত্যাহার করে নেয়া হয়েছে। উল্লেখ্য, দেশে এমপিওভুক্ত প্রায় ৫ লাখ শিক্ষক-কর্মচারি রয়েছেন।